

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
বিশেষ আদেশ

তারিখ, ২৯ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/১৩ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং ২২/মুসক/২০১৬—যেহেতু রূপকল্প-২০২১ বাস্তবায়নের অন্যতম পদক্ষেপ হিসেবে আগামী-২০২১ সালের মধ্যে মোট উৎপাদিত বিদ্যুতের শতকরা ১০ ভাগ পারমাণবিক উৎস হইতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হইয়াছে এবং সেই উদ্দেশ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পটি সরকারের Fast Track তালিকাভুক্ত একটি গুরুত্বপূর্ণ প্রকল্প; এবং

যেহেতু রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ সংক্রান্ত আন্তঃরাষ্ট্রীয় সমঝোতা চুক্তির Article-5 অনুসারে উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানীয়ভাবে সংগৃহীত পণ্য/ সেবার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধের দায়বদ্ধতা রহিয়াছে;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প সংশ্লিষ্ট স্থানীয় পর্যায়ে সংগৃহীত নিম্নে বিধৃত টেবিল এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর (মুসক) হইতে অব্যাহতি প্রদান করিল, যথা—

“টেবিল:

শিরোনাম সংখ্যা	সেবার কোড	সেবার নাম	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)
১০০৪	১০০৪.০০	নির্মাণ সংস্থা	১০০%
১০৩১	১০৩১.০০	পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামতকারী সংস্থা	১০০%
১০৩২	১০৩২.০০	কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম	১০০%

(১৬৬১৭)

মূল্য : টাকা ৪.০০

(১)	(২)	(৩)	(৪)
১০৪৮	১০৪৮.০০	পরিবহন ঠিকাদার	১০০%
১০৫১	১০৫১.০০	ইঞ্জিনিয়ারিং ফার্ম	১০০%
১০৭২	১০৭২.০০	মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান	১০০%
১০৯৯	১০৯৯.২০	অন্যান্য বিবিধ সেবা	১০০%

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd